# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ

ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ সরকারের রাজস্ব বাজেটভুক্ত ও বাজেট বর্হিভূত যাবতীয় ব্যয় ব্যবস্থাপনাসহ সার্বিক আর্থিক শৃংখলা ও কার্যকরী আর্থিক ব্যবস্থাপনা যথাযথভাবে পরিপালন করে থাকে। এ অনুবিভাগ থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তরসমূহের সাংগঠনিক কাঠামোতে নতুন পদ সৃজন, বিদ্যমান পদ বিলুপ্তকরণ, অস্থায়ী পদ সংরক্ষণ ও সরকারি বিধি-বিধানের আলোকে পদ স্থায়ীকরণ, গাড়ি ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডই'তে অন্তর্ভুক্তকরণ, পদ উন্নীতকরণ, পদবী পরিবর্তন, আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয় ইত্যাদি প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক সম্মতি প্রদান করা হয়ে থাকে। এছাড়া আর্থিক ক্ষমতা বিকেন্দ্রিকরণ, সরকারি অফিসসমূহের জন্য বিভিন্ন ধরণের যানবাহনের মূল্য নির্ধারণ, সরকারি অফিসের জন্য বেসরকারি বাড়ি ভাড়াকরণ ও ভাড়ার হার নির্ধারণ, বেসরকারি স্কুল/কলেজসমূহ জাতীয়করণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি/সংরক্ষণ, বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সেবা চালুকরণ ও শয্যা সংখ্যা উন্নীতকরণ, বিদেশস্থ বাংলাদেশ মিশনে কর্মরত স্বদেশভিত্তিক কর্মকর্তা-কর্মচারীদের বাড়ি ভাড়া, বৈদেশিক ও আপ্যায়ন ভাতা, শিক্ষা ভাতা, চিকিৎসা ভাতা নির্ধারণের প্রস্তাবসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সম্মতি/মতামত প্রদান করা হয়।

এ অনুবিভাগের ২০২০-২১ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলীসমূহ নিম্নে সংক্ষেপে উপস্থাপন করা হলো:

**পদ সৃজন/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ**

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম গ্রেড থেকে ২০তম গ্রেড পর্যন্ত মোট ১৮,৪৩৭টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম থেকে ২০ গ্রেড পর্যন্ত মোট ৩,৯৩২টি পদ স্থায়ীকরণে সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম থেকে ২০ গ্রেড পর্যন্ত মোট ৪২,২৯৮টি পদ বিলুপ্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে।

**অফিস সরঞ্জামাদি ও যানবাহন প্রতিস্থাপন/টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ/ক্রয়**

- কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ও সরকারের কৃচ্ছ্র সাধন নীতির আলোকে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় ২০২০-২১ অর্থবছরে নতুন/প্রতিস্থাপক যানবাহন ক্রয় স্থগিত রাখা হয়েছে। এ প্রেক্ষিতে ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ হতে পরিপত্রের মাধ্যমে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় ২০২০-২০২১ অর্থবছরে নতুন/প্রতিস্থাপক যানবাহন ক্রয় স্থগিত রাখা হয়। এতে ২০২০-২০২১ অর্থবছরে সরকারি যানবাহন ক্রয় খাতে সরকারের শুধুমাত্র রাজস্ব বাজেটেরই ১০০৬,১৫,৯৪,৯৩২/- টাকা ব্যয় সাশ্রয় হয়েছে।
- ২০২০-২১ অর্থবছরে ১০টি সরকারি দপ্তরের টিওএন্ডইতে মোট ১,১৩৯টি যানবাহন অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সেনাবাহিনীতে ৬৪০টি, নৌ বাহিনীতে ২৬টি এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিজিবিতে ৩২টি এবং বাংলাদেশ পুলিশ বাহিনীতে ২৫৯টি।
- বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জন্য ০১টি পিকআপ ও ০৬ ক্যাটাগরির অফিস সরঞ্জামাদি টিওএন্ডইভুক্তকরণ করা হয়েছে।

- চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া থানাকে বিভক্ত করে "দক্ষিণ রাঙ্গুনিয়া" থানা স্থাপন এবং এর ০৪টি যানবাহন টিওএন্ডইভুক্তকরণে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

**পদ উন্নীতকরণ/পদ সৃজন**

- করোনাকালীন ও করোনা পরবর্তী বিভিন্ন জটিলতায় আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা এবং স্নায়ুঘটিত বৈকল্য, শিশু প্রতিবন্ধী, হৃদরোগ ও ফুসফুসের বিভিন্ন রোগীদের চিকিৎসা পরবর্তী পুনর্বাসন সেবা প্রদানের জন্য জুনিয়র কনসালটেন্ট (ফিজিক্যাল মেডিসিন এন্ড রিহ্যাবিলিটেশন) এর ১০০ টি ক্যাডার পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে।
- যুব উন্নয়ন অধিদপ্তরের ৩৩টি জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া যুব কেন্দ্র ও জেলা পর্যায়ের উপপরিচালকের কার্যালয়ের জন্য রাজস্বখাতে ১,০৩২টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে।
- কারিগরি শিক্ষা প্রসারে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ১১৩টি প্রতিষ্ঠানের জন্য ১৯৮টি পদ সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- 'ন্যাশনাল একাডেমি ফর অটিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ (NAAND)' এর রাজস্বখাতে ৫০টি পদ সৃজন এবং ১২ জন আউটসোর্সিং সেবাকর্মীর সেবা ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জন্য ১৪৮টি পদ সৃজন করা হয়েছে।
- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর সাংগঠনিক কাঠামোতে ০৫টি ইনশোর পেট্রোল ভেসেল (আইপিভি), ০২টি টাগ ও ০১টি ফ্লোটিং ক্রেন অন্তর্ভুক্তকরণে এবং ২০২০-২১ অর্থবছরে ০৩টি আইভিপির জন্য ১২০টি ও ২০২১-২২ অর্থবছরে ০২টি আইপিভির জন্য ৮০টি এবং ০২টি টাগ বোট এর জন্য ৪৪টি ও ০১টি ফ্লোটিং ক্রেনের জন্য ১৩টিসহ মোট ২৫৭টি পদ রাজস্বখাতে স্থায়ীভাবে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়েকে আধুনিকায়ন ও এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৯৫টি ক্যাডার পদ স্থায়ীভাবে ও অন্যান্য ৫,২৭৮টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে এবং ১০২টি ক্যাডার পদসহ মোট ৪০,৭২৮টি পদ বিলুপ্তকরণপূর্বক সর্বমোট ৪৭,৬৩৭টি পদবিশিষ্ট জনবল কাঠামো অনুমোদনে সম্মতি প্রদান করা হয়েছে।
- বিজ্ঞ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জন্য ২১৬টি পদ রাজস্বখাতে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- সারাদেশে বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ এবং বিজ্ঞ অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতের জন্য ২৬৪টি পদ রাজস্বখাতে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- বাণিজ্য মন্ত্রণালয়ের এলডিসি গ্রাজুয়েশন অনুবিভাগ এর স্থলে ট্রেড সাপোর্ট মেজার্স উইং নামকরণ এবং উক্ত উইং এর জন্য ১০টি পদ সৃজনে সম্মতি দেয়া হয়েছে।
- বিভিন্ন উপজেলা হাসপাতালের জন্য ৯৭১টি ক্যাডার ও ৭২১টি নন-ক্যাডার পদসহ মোট ১,৬৯২টি পদ; জেলা হাসপাতালের জন্য ৫৯১টি ক্যাডার ও ১,৭১৮টি নন-ক্যাডার পদসহ মোট ২,৩০৯টি পদ এবং অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানের জন্য ৪৪৩টি ক্যাডার ও ১৩৭টি নন-ক্যাডার পদসহ মোট ৫৮০টি পদ রাজস্ব খাতে সৃজনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

**অন্যান্য কার্যাবলী**

- একক বাজেট (Single Budget) পদ্ধতির আওতাভুক্ত কর্মসূচি (Programme) বাস্তবায়নের জন্য আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers-২০২০) প্রণয়ন করা হয়েছে।
- বাংলাদেশ বিমান বাহিনীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের আর্থিক ক্ষমতা সংশোধন/পুন:নির্ধারণ করা হয়েছে।

- আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ জারি হওয়ার পর বিভিন্ন দপ্তর থেকে আউটসোর্সিং সেবার চাহিদার পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ হতে সেবা ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হচ্ছে। ২০২০-২১ অর্থবছরে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের জন্য মোট ৭,৯৪১ জন আউটসোর্সিং সেবাকর্মীর সেবা ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে। এর মধ্যে ক্যাটাগরি-১ এর ২২৬ জন, ক্যাটাগরি-২ এর ২৭৫ জন, ক্যাটাগরি-৩ এর ০৮ জন, ক্যাটাগরি-৪ এর ৭৯১ জন ও ক্যাটাগরি-৫ এর ৬,৬৪১ জন সেবাকর্মী রয়েছে। তন্মধ্যে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও মেডিকেল কলেজের জন্য ৪,০৯৭ জন আউটসোর্সিং সেবাকর্মীর সেবা ক্রয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- বাংলাদেশ নৌবাহিনীর ঢাকা নৌ অঞ্চলের আঞ্চলিক কমান্ডার 'নেভাল অ্যাডমিনিস্ট্রেটিভ অথরিটি, ঢাকা' এর পদনাম 'কমান্ডার ঢাকা নৌ অঞ্চল' হিসেবে পরিবর্তন এবং পদবি 'কমডোর' থেকে 'রিয়ার এডমিরাল' এ উন্নীতকরণে সম্মতি জ্ঞাপন।
- ২০২০-২১ অর্থবছরের অবশিষ্ট সময়ে (২৬/০৪/২০২১-৩০/০৬/২০২১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় নতুন পূর্ত কাজ (নির্মাণ/স্থাপনা) এর কার্যাদেশ (Notification of Award) প্রদান স্থগিত রাখার ফলেও সরকারের বিপুল অর্থ সাশ্রয় হয় যা করোনা মহামারী মোকাবেলায় সরকারের আর্থিক ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।
- সমাজসেবা অধিদপ্তরের ৫৩৪ জন কন্টিনজেন্ট কর্মচারীদের পদ নিয়মিত সংস্থাপনে আনয়নে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন ১৪৭টি ফায়ার স্টেশনের জন্য ৩৫৪ জন আউটসোর্সিং সেবাকর্মীর সেবা ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে দেশের কারাগারসমূহে আটক বন্দিদের মাঝে মিষ্টান্ন বিতরণ ও উন্নত মানের খাবার পরিবেশনের জন্য ৮৬,২১৩ জন বন্দির জন্য জনপ্রতি ১৫০/- হারে ১,২৯,৩১,৯৫০/- টাকা ব্যয়ে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।
- পুলিশ হাসপাতালসমূহে ভর্তিকৃত রোগী প্রতি পথ্যের হার দৈনিক ১২৫/- টাকা হতে ১৫০/- টাকায় উন্নীতকরণে সম্মতি দেয়া হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক সেক্টরভিত্তিক ১৭টি প্রতিষ্ঠানকে "গ্রীন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড-২০২০" প্রদানের লক্ষ্যে ১৭,০০,০০০/- টাকা অগ্রিম উত্তোলনে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।